



**2022/TDC/ODD/SEM/  
BNGHCC-302T/363**

**TDC (CBCS) Odd Semester Exam., 2022**

**BENGALI**

**( Honours )**

**( 3rd Semester )**

Course No. : BNGHCC-302T

( উনিশ শতকের বাংলা কবিতা ও কথাসাহিত্য )

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পাশ্বর্ষ সংখ্যা পূর্ণমান নির্দেশক

**UNIT—I**

১। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো দুটি) : ২×২=৪

(ক) 'সুরবালা' কবিতাটি কার লেখা? এটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত?

(খ) মানকুমারী বসুর দুটি কাব্যগ্রন্থের নাম লেখো।

(গ) গীতিকবিতার যে কোনো দুটি বৈশিষ্ট্য উল্লেখ করো।



UNIT—II ( 2 )

২। (ক) 'স্বাধীনতা সঙ্গীত' কবিতায় কবি রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়ের স্বদেশপ্রেমিকতার যে পরিচয় ফুটে উঠেছে তা কবিতাটি বিশ্লেষণ করে দেখাও। ১০

অথবা

(খ) কবি অক্ষয়কুমার বড়ালের 'হৃদয় সমুদ্র সম' কবিতাটি বিশ্লেষণ করে তার ভাবসৌন্দর্য ফুটিয়ে তোলো।

UNIT—II

৩। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো দুটি) : ২×২=৪

(ক) 'মেঘনাদবধ কাব্য'-এর চতুর্থ সর্গের নাম কী? কবি এই সর্গে কার বন্দনা করেছেন?

(খ) 'মেঘনাদবধ কাব্য'-এর প্রকাশকাল কত? মেঘনাদের মায়ের নাম কী?

(গ) রামচন্দ্র কাকে 'বনদেবী' বলে কৌতুক করেছিলেন? বীরবাহুর মৃত্যুর পর কে সেনাপতি হন?

৪। (ক) " 'মেঘনাদবধ কাব্য'-এর চতুর্থ সর্গটি কাব্যের মূল কাহিনী হইতে বিচ্ছিন্ন এবং মূল প্রয়োজন সিদ্ধির পথে নিরর্থক।" এই মন্তব্য অবলম্বন করে চতুর্থ সর্গের উপযোগিতা আলোচনা করো। ১০

অথবা

(খ) 'মেঘনাদবধ কাব্য'-এর প্রধান রস বীররস না করুণরস, আলোচনা করে বুঝিয়ে দাও।

( 3 )

UNIT—III

৫। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো দুটি) : ২×২=৪

(ক) 'রজনী' ব্যতীত বঙ্কিমচন্দ্রের অন্য দুটি সামাজিক উপন্যাসের নাম লেখো।

(খ) রজনীর সঙ্গে কার বিয়ে হওয়ার কথা ছিল? তার স্বামীর নাম কী?

(গ) "অম্বান প্রণয়ই পৃথিবীতে অধিক।" একথা কে, কাকে বলেছেন?

৬। (ক) বঙ্কিমচন্দ্রের 'রজনী' উপন্যাস অবলম্বনে রজনীর চরিত্র-চিত্রণ করো। ১০

অথবা

(খ) 'রজনী'কে সামাজিক উপন্যাস বলা যায় কি না, আলোচনা করে বুঝিয়ে দাও।

UNIT—IV

৭। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো দুটি) : ২×২=৪

(ক) সমালোচকের মতে 'স্বর্ণলতা' উপন্যাসের নাম যদি অন্য কিছু রাখা হত তাহলে কী নাম হত? অমৃতলাল বসু 'স্বর্ণলতা' উপন্যাসটির কী নামে নাট্যরূপ দেন?

(খ) তারকনাথ গঙ্গোপাধ্যায় পেশায় কী ছিলেন? তার জন্ম-সন উল্লেখ করো।

(গ) গোপাল কাকে বিয়ে করেছিল? শশীভূষণের স্ত্রীর নাম কী?

( 4 )

৮। (ক) তারকনাথ গঙ্গোপাধ্যায়ের 'স্বর্ণলতা' উপন্যাস অবলম্বনে সরলা চরিত্রটি চিত্রণ করো। ১০

অথবা

(খ) তারকনাথ গঙ্গোপাধ্যায়ের 'স্বর্ণলতা' উপন্যাসটির গঠন-রীতির বৈশিষ্ট্য আলোচনা করো।

### UNIT—V

৯। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো দুটি) :  $2 \times 2 = 4$

(ক) সিপাহি বিদ্রোহের পটভূমিতে রচিত তোমার পাঠ্য গল্পটির নাম কী? সেই গল্পটি কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়?

(খ) 'বিচারক' গল্পটি কোন্ পত্রিকায় প্রকাশিত হয়? এই গল্পটি কয়টি পরিচ্ছেদে বিভক্ত?

(গ) 'অতিথি' গল্পের কেন্দ্রীয় চরিত্রটির নাম কী? 'ক্ষুধিত পাষণ' গল্পের কাহিনিস্থল কোন্ জায়গা?

১০। (ক) “'ক্ষুধিত পাষণ' গল্পে সময়ের ভূমিকা নিছক বহিরঙ্গ উপাদানমাত্র হয়নি, তা অন্তর্বাহী সময়ের এক গভীরতর মাত্রা পেয়েছে।” আলোচনা করো। ১০

অথবা

(খ) 'কলঙ্কিনী পতিতা রমণী' কী করে 'স্বর্ণময়ী দেবী-প্রতিমা'র মতো উদ্ভাসিত হয়ে উঠল তা 'বিচারক' গল্পটি আলোচনা করে বুঝিয়ে দাও।

\*\*\*